# নবী-রসূলগণের দা'ওয়াতের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ দা'ওয়াত ও তাবলীগ

রচয়িতা/সঙ্কলকঃ আবু আহমাদ সাইফুদ্দীন বেলাল

## জরুরি কিছু সিদ্ধান্ত গ্রহণ

নবী-রসূলগণের দা'ওয়াত ও তাবলীগ করার জন্য কিছু জরুরি সিদ্ধান্ত গ্রহণ করা উচিত। যেমন:

১. তাওহীদের উপরে উম্মতের ঐক্য প্রতিষ্ঠা করা: উম্মতের ঐক্যের জন্য প্রয়োজন তাওহীদ প্রতিষ্ঠার জন্য ঐক্যমত হওয়া। তাওহীদই হচ্ছে উম্মতের ঐক্য ও আকীদাহ বিশুদ্ধকরণ এবং ঈমান শক্তিশালী করার শক্তিশালী মূল বুনিয়াদ।

২. প্রথমে সংশোধন এরপর শিক্ষা ও প্রশিক্ষণ: এর ফলে সঠিক ও বিশুদ্ধ ইসলাম শিখানো সম্ভব হবে: কারণ বর্তমানে সঠিক ইসলাম বিকৃত। বাতিল দা'ওয়াত ও বিভিন্ন দলগুলো এবং সাধারণ মুসলমানরা ইসলামের সুন্দর ভাবমূর্তির দুর্নাম করে ফেলেছে। ইসলামের নামে বাতিল দলগুলো তাদের আওয়াজ উঁচু করে বসেছে এবং বিকৃত সিলেবাসগুলো দ্বারা অশান্তি বিস্তার লাভ করেছে। যার কারণে সাধারণ মানুষ তাদের ফেতনায় পর্যবসিত হচ্ছে। অতএব, সঠিক ও বিশুদ্ধ ইসলামকে এবং নবী ﷺ ও তাঁর সাহাবাদের আল্লাহর দিকে দাওয়াতের সিলেবাস ও পদ্ধতি বুঝা ও জানা বর্তমানে অত্যন্ত জরুরি। এক কথায় দ্বীনের মাঝে যেসব আগাছা-কুগাছা স্থান দখল করে জেঁকে বসেছে প্রথমে সেগুলো পূর্ণভাবে পরিষ্কার করার পর পিওর দ্বীনের শিক্ষা দিতে হবে।

৩. ঘর ও বাহিরের শত্রুদের নির্দিষ্ট ও চিহ্নিতকরণ: দুশমনদের ষড়যন্ত্র ও পরিকল্পনার চিচিংফাঁক করা এবং মুসলিমদেরকে তাদের চক্রান্ত ও কুপ্রত্যাশা থেকে সাবধান করা জরুরি। আর ইসলামের নামে ও লেবাসে বক্র, বিকৃত ও ভ্রষ্ট দলের কার্যক্রম যা মুসলিম উম্মতের বুনিয়াদ ধ্বংসের জন্য কুঠারাঘাত স্বরূপ তা থেকে সতর্ক করা খুবই প্রয়োজন।

৪. উম্মতের হকপন্থী উলামাদের সত্যের উপর ঐক্যমত: উলামাগণই হচ্ছেন সমাধান ও সম্পাদন করার পূর্ণ নেতৃত্ব ও কর্তৃত্বের নেতৃবর্গ। আর ইহা ইসলামের স্বর্ণ যুগে তার প্রমাণ করেছেন এবং তাঁদের উত্তরসুরি সালাফী দাওয়াতের উলামাগণ। তাঁদের জরুরি প্রতি বছর কমপক্ষে একটি আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত করা। আর ইহা খানাপিনার জন্য নয় বরং পূর্ণ এক বছরের পরিকল্পনা ও অসিয়ত এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য। কে, কখন ও কিভাবে এবং কি দ্বারা কাজ করবে সে ব্যাপারে পরামর্শের ভিত্তিতে চিন্তা-ভাবনা করে বিস্তারিত সিদ্ধান্ত চূড়ান্তভাবে পাশ করবেন। আর প্রবাহমান জটিল সমস্যাদি যা উম্মতের প্রয়োজন সে ব্যাপারে কি ধরণের তাদের অবস্থান হওয়া উচিত সে ব্যাপারেও ফয়সালা করবেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15137

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন